# Telephonic conversation between Prime Minister and Prime Minister of Ethiopia

May 06, 2020

---

# মাননীয় প্রধানমন্ত্রী এবং ইথিওপিয়ার প্রধানমন্ত্রীর মধ্যে টেলিফোনে বাক্যালাপ

মে 06,2020

মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সাথে আজ গণতান্ত্রিক প্রজাতন্ত্র যুক্তরাষ্ট্র ইথিওপিয়ার প্রধানমন্ত্রী মহামান্য অ্যাবি আহমেদ আলির টেলিফোনে বাক্যালাপ হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী ভারত ও ইথিওপিয়ার মধ্যে বিদ্যমান ঘনিষ্ট সম্পর্ক এবং উন্নয়নের ক্ষেত্রে দুইদেশের মধ্যে থাকা চমৎকার অংশীদারিত্ব নিয়ে স্মৃতিচারণা করেন।

কোভিড-19 অতিমারির ফলে উদ্ভূত অভ্যন্তরীণ, আঞ্চলিক এবং বিশ্বব্যাপী চ্যালেঞ্জ নিয়ে দুই নেতা আলোচনা করেছেন এবং স্বাস্থ্য সঙ্কট চলাকালীন সময়ে উভয়ের মধ্যে কাজে এবং মতে ঐক্য বজায় রাখার কথা প্রকাশ করেছেন।

অত্যাবশ্যক ওষুধের যোগান নিশ্চিত করতে ইথিওপিয়াকে ভারতীয় সাহয্য এবং অতিমারির ফলে উদ্ভূত অর্থনৈতিক পরিস্থিতির উন্নতিবিধানে ভারতীয় সাহায্য বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী ডক্টর অ্যাবি আহমেদ আলিকে আশ্বাস দিয়েছেন।

মাননীয় প্রধানমন্ত্রী নিজের এবং ভারতীয় জনগণের পক্ষ থেকে কোভিড-19 এর বিরুদ্ধে ইথিওপিয়ার জনগণের লড়াইয়ের সাফল্য কামনা করেছেন।

নিউ দিল্লি
মে06,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.